# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

১) একজন ভারতীয় শিল্পপতি এবং তার সংস্থার বিরুদ্ধে উত্থাপিত অনিয়মের অভিযোগ, মনিপুরের সাম্প্রতিক পরিস্থিতি ও ওয়াকফ সংশোধনী বিল নিয়ে সৃষ্টি হওয়া হৈ-হট্টগোল পরিস্থিতির জন্য আজ থেকে শুরু হওয়া সংসদের শীতকালীন অধিবেশনের প্রথম দিন উভয় সভার কাজ-কর্ম স্থগিত ।

২) সংবিধান গৃহিত হওয়ার ৭৫তম বর্ষ উপলক্ষে আগামীকাল থেকে সমগ্র দেশে বছরব্যাপী কার্যসূচি ঘোষণা ।

৩) ভবিষ্যতে উৎপাদনের ক্ষেত্রে সমবায় সমিতিগুলি এক বৃহৎ ভূমিকা পালন করবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য

এবং

৪) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন আগামী বছরের হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষা আগামী ১৫ ফেব্রুয়ারী থেকে আরম্ভ ।

---

একজন ভারতীয় শিল্পপতি এবং তার সংস্থার বিরুদ্ধে উত্থাপিত অনিয়মের অভিযোগ, মনিপুরের সাম্প্রতিক পরিস্থিতি ও ওয়াকফ সংশোধনী বিল নিয়ে সৃষ্টি হওয়া হুলুস্থুল পরিবেশের জন্য আজ থেকে শুরু হওয়া সংসদের শীতকালীন অধিবেশনের প্রথম দিন

উভয় সভার কাজ-কর্ম স্থগিত রাখতে হয় । রাজ্যসভায় আজ সভার পূর্ববর্তী অধিবেশনের পর মৃত্যু হওয়া ৬ জন প্রাক্তন সাংসদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপনের পরই বিরোধী দলনেতা মল্লিকার্জুন খার্গে একজন ভারতীয় শিল্পপতির বিরুদ্ধে উত্থাপিত অনিয়মের অভিযোগের বিষয়টি নিয়ে প্রশ্ন উত্থাপন করেন । কংগ্রেস, ডি এম কে , আর জে ডি, সমাজবাদী পার্টী, আম আদমী পার্টী এবং বামপন্থী দলের সদস্যরাও তার সমর্থন করে ওই শিল্পপতি সম্পর্কে সভাস্থগিত প্রস্তাব উত্থাপন করার অনুমতি প্রদান করার দাবী জানান । রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় উত্তেজিত সদস্যদের শান্ত করার চেষ্টা করে বিফল হওয়ার পর তিনি সভার কাজ-কর্ম স্থগিত রাখতে বাধ্য হন । এর পর বেলা ১১টা ৪৫ মিনিটে সভা পুনরায় মিলিত হলে বিরোধী দলের সদস্যরা তাদের দাবীর প্রতি অটল থাকায় চেয়ারম্যান আজকের দিনের জন্য সভা স্থগিত রাখার কাথা ঘোষণা করেন ।

লোকসভায় আজ দুজন বর্তমান সাংসদ বসন্ত রাও সাওয়ান এবং শেখ নূরুল ইসলামের মৃত্যুতে শ্রদ্ধা নিবেদনের পর বিরোধী সদস্যরা সম্মিলত ভাবে আগের একই বিষয় নিয়ে সভাস্থগিত প্রস্থাব উত্থাপনের দাবী জানালে সভায় হৈহট্টগোল পরিস্থিতির সৃষ্টি হয় । অধ্যক্ষ ওম বিড়লা প্রথমে সভার কাজ বেলা ১২টা পর্যন্ত স্থগিত রাখার পর পরিস্থিতি বিবেচনা করে সম্পূর্ণ দিনের জন্য লোকসভার কাজ স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

------------------------------------------------------------------------------------

ওয়াকফ সংশোধনী বিল-২০২৪ সম্পর্কে গঠিত সংসদের যুগ্ম সমিতির বিরোধী সদস্যরা আজ লিকসভার অধ্যক্ষ ওম বিড়লার সঙ্গে তার কার্যালয় কক্ষে মিলিত হয়ে যুগ্ম সমিতির প্রধান বিরোধী পক্ষের মতমত গ্রহণ না করেই সমিতির প্রতিবেদন তাৎক্ষণিকভাবে দাখিল করার চেষ্টা করছেন বলে অভিযোগ করে এই প্রয়াস সফল না কারার দাবী জানিয়েছেন । সমিতির সদস্য তথা তৃণমূল কংগ্রেসের সাংসদ কল্যাণ ব্যানার্জী পরে সাংবাদিকদের জানিয়েছেন যে অধ্যক্ষ ওম বিড়লা তাদের দাবী মনোযোগ সহকারে গ্রহণ করেছেন এবং এ সম্পর্কে জে পি সির প্রতিবেদন দাখিল করার সময়সীমা বৃদ্ধি করার আশ্বাস দিয়েছেন ।

------------------------------------------------------------------------------------

এদিকে আজ থেকে শুরু হওয়া সংসদের শীতকালীন অধিবেশন ফলপ্রসূ হয়ার সঙ্গ সঙ্গে অধিবেশনের এই সময়কালে গঠনমূলক বিতর্ক এবং আলোচনার পরিবেশ অটুট থাকবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেছেন । অধিবেশন আরম্ভ হওয়ার পূর্বে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলার সময় শ্রী মোদী বলেন যে সংবিধান গৃহিত হওয়ার ৭৫ বছর

পূর্ণ করার বছরে পা রাখা সহ এবারের শীতকালীন অধিবেশন অন্যান্য কয়েকটি কারণে উল্লেখযোগ্য হয়ে থাকবে । তিনি বলেন যে সাফল্যের সঙ্গে ৭৫ বছর পূর্ণ করা গণতন্ত্রের জন্য একটি মাইল ফলক । বিরোধীদের ইঙ্গিত করে প্রধানমন্ত্রী বলেন যে দেশবাসীর নাকচ করা কয়েকজন মানুষ বিশৃঙ্খলা সৃষ্টি করে সংসদকে নিয়ন্ত্রণ করার চেষ্টা চালিয়ে আসছেন । সংসদের অধিবেশন চলাকালীন সময় বিশ্বে ভারতের খ্যাতি তথা ঐতিহ্য আরো বেশী বৃদ্ধি করার জন্য ব্যবহার করা উচিৎ বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------

ভারতের সংবিধান গৃহীত হোয়ার ৭৫ তম বর্ষ উপলক্ষে কেন্দ্রীয় সরকার আগামীকাল অর্থাৎ ২৬ শে নভেম্বর থেকে বছরব্যাপী এই দিবস উদযাপন করার কথা ঘোষনা করেছে । বছরব্যাপী এই দিবস উদযাপন আগামীকাল থেকে ২০২৫ সালের ২৬ শে নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে ।১৯৪৯ সালের ২৬ শে নভেম্বর ভারতের সংবিধান গৃহীত হয়েছিল এবং ১৯৫০ সালের ২৬ শে জানুয়ারী সংবিধান কার্যকর করা শুরু হয় । এই দিবস উদযাপনের বিস্তারিত কার্যসূচীর বিষয়ে জানাতে গিয়ে নতুনদিল্লীতে কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু জানান যে নতুনদিল্লীর সংবিধান সদনের সেন্ট্রেল হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু এই অনুষ্ঠানে সংসদের উভয় সভার সদস্যদের উদ্দেশ্যে ভাষন দেবেন । শ্রী রিজিজু এই দিবস উপলক্ষে আয়োজিত কার্যসূচীতে অংশ গ্রহনের জন্য দেশবাসীকে আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সংবিধানকে রাজনৈতিক সংকীর্ণতার মধ্যে রেখে বিচার করা উচিত নয় বলে মন্তব্য করে একাংশ লোকের সাংবিধানিক সঙ্কট সৃষ্টি হয়েছে বলে উত্থাপিত অভিযোগ নাকচ করেছেন । আগামীকাল পালন করা সংবিধান দিবসের পূর্বে আজ আকাশবাণীর সঙ্গে এক একান্ত সাক্ষাৎকারে শ্রী বিড়লা সংবিধানের ওপর দেশের জনসাধারণ এবং সমাজের প্রত্যেক নাগরিক বিশ্বাস রাখেন বলে উল্লেখ করেন । তিনি বলেন যে সংবিধান দেশের ১৪০ কোটি জনসাধারণের পবিত্র গ্রন্থ এবং এটি হচ্ছে সামাজিক এবং অর্থনৈতিক পরিবর্তনের মূল উৎস । সংবিধান দিবসে সংবিধান সভার বিতর্ক এবং আলোচনা থেকে প্রেরণা গ্রহণ করার প্রয়োজনীয়তার ওপর তিনি আলোকপাত করেন । সংরক্ষণ সম্পর্কে এক প্রশ্নের উত্তরে শ্রী বিড়লা বলেন যে রাজনৈতিক দল সমূহ অভিযোগ উত্থাপন করতে পারে কিন্তু সরকার সংরক্ষণ ব্যবস্থায় কোন ধরণের হস্তক্ষেপ করে নি ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় ২৬ শে নভেম্বর অর্থাৎ আগামীকাল সংবিধান দিবস পালনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে । হামারা সংবিধান , হামারা স্বাভিমান প্রচারাভিযানের অধীনে বছরব্যাপী কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন করা হবে । এ উপলক্ষে আগামীকাল প্রশাসনিক নিয়ন্ত্রনে থাকা সব জেলা কার্যালয়ে গণপ্রস্তাবনা পাঠের নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আজ নতুন দিল্লীতে আর্ন্তজাতিক সমবায় সম্মিলন আরম্ভ হয়েছে । সম্মিলনের পূর্বে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন যে সমবায় আন্দোলনে ভারত বিশ্ব নেতা হিসেবে ইতিমধ্যেই আত্মপ্রকাশ করেছে । একটি সংবাদপত্রে শ্রী শাহ লিখেছেন যে সমবায় ক্ষেত্রটি শুধুমাত্র অর্থনৈতিকভাবে উচ্চাকাঙ্খী ব্যাক্তিদের সমৃদ্ধ করার জন্য নয় , অর্থনীতির মূল স্রোতের সঙ্গে তাদের একত্রিত করার জন্যও পরিচিত । তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমবায় থেকে সমৃদ্ধির মূল লক্ষ হচ্ছে দেশের সমবায় প্রতিষ্ঠান গুলিকে স্বাবলম্বী এবং শক্তিশালী করে গড়ে তোলা । তিনি আরো বলেন যে সমবায় আন্দোলন উপযুক্ত পুঁজির অভাব এবং স্বল্প সঞ্চয়ের লোকেদের উন্নত করার ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন সাধন করতে সক্ষম হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভবিষ্যতের উৎপাদনের ক্ষেত্রে সমবায় সমিতিগুলি এক বৃহৎ ভূমিকা পালন করবে । নতুন দিল্লীর ভারত মন্ডপমে আজ বিশ্ব সমবায় সম্মিলনের আনুষ্ঠানিক উদ্বোধন করে শ্রী মোদী এ কথা বলেন । তিনি বলেন যে সমবায় সমিতি শুধুমাত্র একটি আকৃতি নয় এটি ভারতীয় সংস্কৃতির একটি মূল ভিত হিসেবে পরিচিত সংস্থা । প্রধানমন্ত্রী বলেন যে ভারতে সমবায় সমিতি একটি বিশেষ আন্দোলনের মাধ্যমে শুরু হয়েছিল এবং সেই আন্দোলন থেকে সমবায় বিপ্লবের সূচনা হয় ও পরবর্তীকালে এই বিপ্লব ক্ষমতায়নের প্রতিক হেসেবে চিহ্নীত হয় । ভারত সহযোগিতার ভিত্তিতে সাফল্যে বিশ্বস করে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে এই সাফল্যের ভীত হচ্ছে সমবায় আন্দোলন । আজকের এই অনুষ্ঠানে ভুটানের প্রধানমন্ত্রী , ফিজির উপ-প্রধানমন্ত্রী প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আগামী ১৫ ফেব্রুয়ারী থেকে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার সময়সূচী আজ ঘোষণা করেছে। এই পরীক্ষা চলবে তেসোরা মার্চ পর্যন্ত। পর্ষদের ঘোষণা করা অনুযায়ী প্র্যাক্টিকেল পরীক্ষাগুলো ২১ ও ২২ জানুয়ারি অনুষ্ঠিত হবে।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ আগামী বছর অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার আবেদনপত্র পূরণ করার জন্য আজ পুনরায় পোর্টাল খোলে দিয়েছে । এ অনুসারে আবেদনপত্র পূরণ করার যেসব কাজ বাকি রয়েছে তা আগামীকালের মধ্যে সম্পূর্ণ করতে পর্ষদ সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান গুলিকে নির্দেশ দিয়েছে । পর্ষদ এই মর্মে এক নির্দেশে বলেছে যে আগে আবেদনপত্র পূরণ করার সময় যদি কোনধরণের ভূল-ভ্রান্তি হয়ে থাকে তবে আগামীকালের মধ্যে তাও সংশোধন করা যাবে । একই ভাবে আগামীকাল ফিস আদায়ের শেষ তারিখ বলে নির্ধারণ করা হয়েছে । উল্লেখ্য যে আগামী বছর অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য পর্ষদ অন-লাইন পোর্টালের মধ্যমে আবেদনপত্র পূরণের দিন ঘোষণা করেছিল । এ অনুসারে গত ২৩ অক্টোবর থেকে ১৪ নভেম্বর পর্যন্ত এই আবেদনপত্র পূরন করতে হবে বলে ঘোষণা করলেও ছাত্র-ছাত্রদের সুবিদার্থে আজ পুনরায় এই পোর্টাল খোলে দেওয়া হয়েছে । আবেদনপত্র পূরণ করার সময়সীমা পরবর্তী সময়ে আর বৃদ্ধি করা হবে না বলে পর্ষদ স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে । একই সঙ্গে অফ-লাইনে কোন ধরণের আবেদনপত্র গ্রহণ করা হবে না বলে পরিষদ জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের চা শিল্পকে আরো উজ্জ্বল ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যেতে জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্র ( ডি আই সি সি ) ক্ষুদ্র চা চাষিদের জন্য এক নতুন কার্যকর প্রকল্প চালু করেছে । এই প্রকল্পটি চা চাষে আধুনিক যান্ত্রিকীকরণ ও সেচ ব্যবস্থার সুবিধা প্রদান করার লক্ষ্যে চাষীআত্মসহায়ক গোষ্ঠী (এস এইচ জি) এবং সমবায় সমিতিগুলিকে আরো দক্ষ ও উন্নত উৎপাদনের দিকে এগিয়ে নিয়ে যাবে । এই প্রকল্পের অধীনে যান্ত্রিকীকরণের জন্য ক্ষুদ্র চা চাষীরা স্প্রে মেসিন কেনার জন্য ৫০০০ টাকা পর্যন্ত এবং স্বনির্ভর গোষ্ঠী ও সমবায় সমিতি ছাটাই মেসিনের জন্য ২০ হাজার টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পাবে ।সেচ ব্যবস্থার উন্নতিতে বরোওয়েল স্থাপনের জন্য ৪০ হাজার টাকা এবং জল পাম্পের জন্য ২০ হাজার টাকা পর্যন্ত আর্থিক সহায়তা প্রদান করা হবে ।এই ব্যবস্থা সেচের সমস্যা মোকাবিলা করে চা উৎপাদনে ধারাবাহিক উন্নতি নিশ্চিত করবে ।

এই প্রকল্পের আওতায় নতুন আবেদনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে ।যারা ইতিমধ্যে চা পর্ষদের অন্য কোনো সুবিধা পেয়েছেন তারা এই প্রকল্পের সুবিধা গ্রহনের জন্য আবেদন করতে পারবেন না ।আবেদনকারীরা আগামী ৫ ই ডিসেম্বরের মধ্যে সাধারণ কাগজে আবেদনপত্র ডি আই সি সি অফিসে জমা দিতে পারবেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি পৌরসভা উপ-সভাপতি এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি পৌর এলাকার ব্যবসায়ীদের নিজেদের ব্যবসা প্রতিষ্ঠানের পরিচয় ফলক বা সাইন বোর্ডে করিমগঞ্জ নাম পরিবর্তন করে শ্রীভূমি নাম ব্যবহার করতে আহ্বান জানিয়েছেন । উল্লেখ্য রাজ্য সরকার গত ২১শে নভেম্বর বিজ্ঞপ্তী জারী করে করিমগঞ্জ শহর ও জেলার নাম পরিবর্তন করে শ্রীভূমি করেছে ।

---------------------------------------------------------------------------------------